57

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 AUG 1995
পৃষ্ঠা ২ কলাম ৬

# ব্যবহারিক পরীক্ষায় নূতন নিয়ম

মাইনুল হাসান ॥ শিক্ষা মন্ত্রণালয় এসএসসি ও এইচএসসি ব্যবহারিক পরীক্ষায় দুইটি নূতন নিয়ম চালুর নির্দেশ দিয়াছে। এ নিয়ম বর্তমানে অনুষ্ঠানরত ৪টি বোর্ডের এইচএসসি পরীক্ষা হইতে কার্যকর হইবে। নূতন নিয়ম ২টি হইতেছে ; ব্যবহারিক পরীক্ষা

( শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## ব্যবহারিক পরীক্ষায়

( ১ম পৃঃ পর )

পরীক্ষার্থীদের নিজ নিজ স্কুল কলেজের পরিবর্তে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হইবে। উক্ত কেন্দ্রে নিজস্ব স্কুল কলেজের পরীক্ষার্থী থাকিলে অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষক উভয়কে বহিরাগত হইতে হইবে।

নূতন নিয়মের ফলে জটিলতা দেখা দিয়াছে। কারণ কোন কোন কেন্দ্রে একাধিক স্কুল-কলেজের পরীক্ষার্থী অংশগ্রহণ করে। ঐ সকল কেন্দ্রের ল্যাবরেটরীতে এত অধিক সংখ্যক পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ সম্ভব নয়। ঐ সুবিধাও নাই। দ্বিতীয়তঃ ল্যাবরেটরীতে কাজের সুবিধার জন্য স্ব-স্ব কেন্দ্রের শিক্ষক অভ্যন্তরীণ পরীক্ষকের দায়িত্ব এতদিন পালন করিতেন। এ নিয়ম পরিবর্তনের ফলে বহিরাগত ২ জন পরীক্ষকের অন্য কেন্দ্রের ল্যাবরেটরীতে পরীক্ষা নেওয়া সম্ভব হইতেছে না। টাইপ পরীক্ষা অবশ্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হইবে। সরকারী কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতি বরিশাল বিভাগ কমিটি নূতন নিয়মের প্রতিবাদ করিয়াছে।